Consumer Affairs

উপভোক্তা বিষয়ক বিভাগ (DCA) লাইসেন্সিং সেন্টার
(DEPARTMENT OF CONSUMER AFFAIRS (DCA) LICENSING CENTER)
42 Broadway | New York, NY 10004
সোমবার-শুক্রবার: সকাল 9:00 টা- বিকাল 5:00 টা | বুধবার: সকাল 8:30 টা- বিকাল 5:00 টা
টেলিফোন: 311 (212-NEW-YORK NYC-এর বাইরে)
nyc.gov/consumers | @NYCDCA

লাইসেন্স আবেদনের চেকলিস্ট: হোম ইমপ্রুভমেন্ট সেলসপার্সন (ব্যক্তি)

কার হোম ইমপ্রুভমেন্ট সেলসপার্সন লাইসেন্স অবশ্যই থাকা উচিত?

আপনার হোম ইমপ্রুভমেন্ট সেলসপার্সন লাইসেন্স অবশ্যই থাকা উচিত, যদি আপনি কোনো সম্পত্তির মালিকের সঙ্গে বাড়ির উন্নয়নের চুক্তির বিষয়ে দরাদরি করেন অথবা দরাদরি করার প্রস্তাব দেন।

কোন ব্যক্তিদের হোম ইমপ্রুভমেন্ট সেলসপার্সন লাইসেন্স থাকা প্রয়োজন, এই বর্ণনাটি তা সাধারণভাবে ব্যাখ্যা করে। লাইসেন্স সংক্রান্ত আইন/নিয়মাবলীর সংলগ্ন বিলিপত্র বা হ্যান্ডআউটি দেখুন।

আবেদনের জন্য আবশ্যক জিনিসগুলির দ্রুত তালিকা

- ☐ সাধারণ ব্যক্তিগত লাইসেন্সের আবেদন
- ☐ লাইসেন্সের জন্য আবেদনকারীর ফটো
- ☐ হোম ইমপ্রুভমেন্ট পরীক্ষা এবং পরীক্ষার জন্য $50 ফী
- ☐ আঙুলের ছাপ এবং $75 প্রক্রিয়াকরণ ফী (যদি প্রযোজ্য হয়)
- ☐ পদক্ষেপ গ্রহণের কর্তৃত্ব প্রদান করা সম্বন্ধে নিশ্চিতভাবে ঘোষণা (যদি প্রযোজ্য হয়)
- ☐ লাইসেন্স ফী (4 পাতায় তালিকাটি দেখুন।)

বিশদ বিবরণের জন্য দেখুন 'আবেদনের জন্য আবশ্যকতা' বিভাগটি।

শহর বা রাজ্যের অতিরিক্ত অনুমতিপত্র/লাইসেন্স/ছাড়পত্র, যা আপনার প্রয়োজন হতে পারে:

আপনি যদি বাসস্থান হিসেবে ব্যবহৃত কোনো জমি বা ভবনের নির্মাণ, মেরামত, নকশা পরিবর্তন করা বা সংযোজনের কাজে যুক্ত থাকেন, তাহলে আপনাকে DCA-এর কাছ থেকে অবশ্যই একটি *হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর* লাইসেন্স নিতে হবে।

আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া

সিটি'র অনলাইন পরিষেবা ব্যবহার করে অনলাইনে আপনার আবেদন জমা দেওয়ার জন্য www.nyc.gov/BusinessToolbox এ যান। দ্রষ্টব্য: এই সময়, পরিষেবাটি শুধুমাত্র ল্যাপটপ বা ডেস্কটপ কম্পিউটার ব্যবহার করেই লভ্য।

অথবা

সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার, ও শুক্রবার সকাল 9:00 টা থেকে বিকাল 5:00 টার মধ্যে এবং বুধবারে সকাল 8:30 টা থেকে বিকাল 5:00 টার মধ্যে নিজে DCA Licensing Center, 42 Broadway, Manhattan ঠিকানায় এসে জমা দিন।

অনুবাদ পরিষেবা
আপনি যদি ভালভাবে ইংরেজী বলতে বা বুঝতে না পারেন, তাহলে লাইসেন্সিং সেন্টারে আসার পরে অনুগ্রহ করে আমাদের জানাবেন, এবং আমরা অনুবাদ পরিষেবা প্রদান করব।

যুক্তিসঙ্গত বাসস্থান
প্রতিবন্ধকতার সাথে সম্পর্কযুক্ত বাসস্থান অনুরোধ করার জন্য, অনুগ্রহ করে প্রতিবন্ধী মানুষদের জন্য বাসস্থান অনুরোধ করার ফর্মটি (সংলগ্ন) সম্পূর্ণ করুন ও জমা দিন। আপনি ফর্মটির জন্য DCA'র প্রতিবন্ধকতাযুক্ত আমেরিকান সংক্রান্ত আইন [Americans with Disabilities Act (ADA)] কো-অর্ডিনেটরকেও (212) 436-0154 নম্বরে ফোন করতে পারেন।

আবেদনের জন্য আবশ্যকতা

আপনি যখন আপনার DCA লাইসেন্স আবেদনটি জমা করেন:
আপনার লাইসেন্স আবেদন জমা করার সময়ের আবশ্যকতাগুলি নিচে দেওয়া হয়েছে। আপনি যদি সমস্ত নথিপত্র জমা দিতে ব্যর্থ হন, তাহলে আপনার আবেদনটি প্রত্যাখ্যান করা হবে।

- সাধারণ ব্যক্তিগত লাইসেন্সের আবেদন (সংযুক্ত)।

- লাইসেন্সের জন্য আবেদনকারীর ফটো (এক কপি)।
  সশরীরে: DCA বিনা খরচে লাইসেন্সিং সেন্টারে লাইসেন্সের জন্য আবেদনকারীর ফটো তুলবে। আপনি একটি পাসপোর্ট মাপের সাম্প্রতিক রঙীন ফটোও জমা দিতে পারেন।

  অনলাইন: লাইসেন্সের জন্য আবেদনকারীরা ডিজিটাল পাসপোর্ট ফটোর গুণমানের একটি ইমেজ ফাইল আপলোড করতে পারেন। 1 মেগা-পিক্সেল রেজোলিউশনের একটি ডিজিটাল ক্যামেরাই যথেষ্ট।

- হোম ইমপ্রুভমেন্ট পরীক্ষা এবং পরীক্ষার ফী।
  আপনাকে হোম ইমপ্রুভমেন্ট পরীক্ষা দেওয়ার জন্য সোমবার থেকে শুক্রবার সকাল 9:00 টা থেকে বিকাল 3:00 টার মধ্যে DCA লাইসেন্সিং সেন্টারে যেতে হবে। পরীক্ষাটিতে 30 টি প্রশ্ন আছে। পাস করার জন্য আপনাকে কমপক্ষে 21 টি প্রশ্নের সঠিক উত্তর দিতেই হবে। $50 পরীক্ষার ফীটি লাইসেন্স ফী-এর থেকে আলাদা, এবং এটি ফেরতযোগ্য নয়। আপনি যদি দু'বার পরীক্ষায় ফেল করেন, তাহলে আবার পরীক্ষা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই আবার পরীক্ষার ফী প্রদান করতে হবে।

আপনাকে পরীক্ষার জন্য প্রস্তুত হতে সাহায্য করার জন্য এই প্যাকেটে একটি হোম ইমপ্রুভমেন্ট পরীক্ষার নির্দেশিকা অন্তর্ভুক্ত করা হয়েছে।

গুরুত্বপূর্ণ:

- আপনার আবেদন জমা দেওয়ার দিন থেকে 30 দিনের মধ্যে আপনাকে অবশ্যই পরীক্ষায় পাস করতে হবে, নাহলে আপনার আবেদনটি প্রত্যাখ্যান করা হবে।
- কোনো আবেদনকারীকে মাত্র একবারই পরীক্ষায় পাস করতে হয়, এমন কি যদি হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর লাইসেন্সের জন্যও আবেদন করে থাকেন তাহলেও।

- **আঙুলের ছাপ ও প্রক্রিয়াকরণ ফী।**
  DCA লাইসেন্সিং সেন্টারে আপনার আঙুলের ছাপ অবশ্যই দিতে হবে। *ব্যতিক্রম: গত তিন বছরের মধ্যে কোনো সক্রিয় DCA লাইসেন্সের জন্য যাদের আঙুলের ছাপ নেওয়া হয়েছে বা যারা আঙুলের ছাপ দিয়েছেন, তাদের আঙুলের ছাপ নেওয়ার প্রয়োজন নেই।* আপনাকে অবশ্যই DCA লাইসেন্সিং সেন্টারে যেতে হবে এবং $75 প্রক্রিয়াকরণ ফী প্রদান করতে হবে।

  আপনার কোনো অপরাধমূলক রেকর্ড আছে কি না তা জানার জন্য আপনার আঙুলের ছাপ পরীক্ষা করা হবে। মনে রাখবেন যে, অপরাধ প্রমাণিত হলেই আপনাকে লাইসেন্স মঞ্জুর করায় বাধা দেওয়া হবে না। তবে অপরাধ প্রমাণিত হওয়ার কথা জানাতে ব্যর্থ হলে, তা আপনার আবেদন প্রত্যাখ্যান করার একটি কারণ হিসেবে বিবেচিত হতে পারে।

- **পদক্ষেপ গ্রহণের কর্তৃত্ব প্রদান করা সম্বন্ধে নিশ্চিতভাবে ঘোষণা (সংযুক্ত)।**
  যদি লাইসেন্সের জন্য আবেদনকারী ছাড়া অন্য কেউ এই আবেদনটি প্রস্তুত করেন ও জমা দেন, তাহলে লাইসেন্সের জন্য আবেদনকারীকে অবশ্যই 'পদক্ষেপ গ্রহণের কর্তৃত্ব প্রদান করা সম্বন্ধে নিশ্চিতভাবে ঘোষণা' জমা দিতে হবে। দ্রষ্টব্য: আবেদনকারীকে অবশ্যই সমস্ত প্রয়োজনীয় নথিপত্রে স্বাক্ষর করতে হবে।

- **লাইসেন্স ফী।**
  আপনি কখন আপনার লাইসেন্সের আবেদন জমা দিয়েছিলেন তার ভিত্তিতে, নিচের চার্টটি প্রদেয় অর্থরাশির তালিকা তৈরি করেছে। দ্রষ্টব্য: বিজোড় বছর হল এমন কোনো বছর যা একটি বিজোড় সংখ্যা দিয়ে শেষ হয়; উদাহরণস্বরূপ, 2015। আর জোড় বছর বলতে এমন বছরকে বোঝায় যা একটি জোড় সংখ্যা দিয়ে শেষ হয়; উদাহরণস্বরূপ, 2016।

হোম ইমপ্রুভমেন্ট সেলসপার্সন লাইসেন্স ফী			
লাইসেন্সের মেয়াদ	লাইসেন্সের মেয়াদ অতিক্রমের তারিখ	আপনি যদি এই তারিখগুলির মধ্যে আপনার আবেদন জমা দেন:	আপনার লাইসেন্স ফী হল:
2 বছর	28 ফেব্রুয়ারি বিজোড় বছর	একটি বিজোড় বছরের 1 মার্চ থেকে একটি বিজোড় বছরের 31 আগস্ট পর্যন্ত	$50
		একটি বিজোড় বছরের 1 সেপ্টেম্বর থেকে একটি জোড় বছরের 28 বা 29 ফেব্রুয়ারি পর্যন্ত	$38
		একটি জোড় বছরের 1 মার্চ থেকে একটি জোড় বছরের 31 আগস্ট পর্যন্ত	$25
		একটি জোড় বছরের 1 সেপ্টেম্বর থেকে একটি বিজোড় বছরের 28 ফেব্রুয়ারি পর্যন্ত	$13 অথবা *$63

*আপনি যদি লাইসেন্সের মেয়াদ অতিক্রমের তারিখের ছয় মাসের মধ্যে আবেদন করেন, তাহলে আপনি লাইসেন্স নবীকরণের উদ্দেশ্যে লাইসেন্সের অবশিষ্ট মেয়াদের জন্য প্রোরেটেড বা আনুপাতিক হারে এবং পরবর্তী মেয়াদের জন্য পুরো ফী প্রদান করতে পারেন। আপনি যদি উভয় ফী প্রদান করেন, তাহলে আপনাকে লাইসেন্সের পরবর্তী সময়কাল শেষ হওয়া পর্যন্ত লাইসেন্স নবীকরণ করতে হবে না।

ফী পরিশোধ

DCA লাইসেন্সিং সেন্টার ক্রেডিট কার্ডের মাধ্যমে (ভিসা, মাস্টারকার্ড, আমেরিকান এক্সপ্রেস, ও ডিস্কভার কার্ড) অথবা NYC উপভোক্তা বিষয়ক বিভাগ (Department of Consumer Affairs)-কে প্রদেয় চেক বা মানি অর্ডার দ্বারা অর্থ গ্রহণ করে।

আপনি যদি অনলাইনে আপনার আবেদন জমা দেন, তাহলে আপনাকে অবশ্যই একটি প্রধান ক্রেডিট কার্ডের দ্বারা অর্থপ্রদান করতে হবে।

দ্রষ্টব্য: ক্রেডিট কার্ডের দ্বারা অর্থপ্রদানের ক্ষেত্রে অ-ফেরতযোগ্য বা ননরিফান্ডেবল 2.49% কনভেনিয়েন্স ফী প্রযোজ্য হয়। এটি যে অর্থপ্রদানের সঙ্গে সম্পর্কযুক্ত সেটি যদি বাতিল করা, ফেরত দেওয়া, ক্রেডিট করা বা চার্জ ব্যাক করা হয়, সেই ক্ষেত্রে কনভেনিয়েন্স ফী-এর ব্যাপারে আপত্তি জানানোর জন্য আপনাকে আপনার ক্রেডিট কার্ড কোম্পানির সঙ্গে যোগাযোগ করতে হবে।

হোম ইমপ্রুভমেন্ট সেলসপার্সনদের জন্য অতিরিক্ত সংস্থান

এই প্যাকেটে নিম্নলিখিত সংস্থানগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে যাতে হোম ইমপ্রুভমেন্ট সেলসপার্সনদের আইন এবং তাদের দায়িত্বগুলি জানতে সাহায্য করা যায়:

- লাইসেন্স সংক্রান্ত আইন/নিয়মাবলীর হ্যান্ডআউট (হোম ইমপ্রুভমেন্ট ব্যবসাসমূহ)
- পরিদর্শনের চেকলিস্ট: হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর
- মডেল বাড়ির উন্নয়নের আনুমানিক হিসাব ও চূড়ান্ত চুক্তি
- বাড়ির উন্নয়নের জন্য গ্রাহকের নির্দেশিকা